

বাংলাদেশে ফ্লাইট পরিচালনা করতে চায় শ্রীলঙ্কার ফিটস এয়ার

- A Monitor Desk Report

Date: 23 August, 2023



ঢাকা : বাংলাদেশিদের শ্রীলঙ্কায় নিয়ে যেতে ঢাকা-কলম্বো রুটে ফ্লাইট পরিচালনা করতে চায় শ্রীলঙ্কার বেসরকারি এয়ারলাইন্স প্রতিষ্ঠান ফিটস এয়ার। বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) অনুমতি পেলে চলতি বছরের অক্টোবরের মধ্যে ফ্লাইট পরিচালনা করতে চায় এয়ারলাইন্সটি।

বেবিচকের দায়িত্বশীল একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে।

সূত্র জানায়, বেবিচকের কাছে করা আবেদনে তারা ২০২৩ সালের অক্টোবর মাস থেকে ফ্লাইট পরিচালনা করতে প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছে। তাদের অনুমতি দেওয়ার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। তবে এখনো আনুষ্ঠানিকভাবে অনুমতির বিষয়টি জানায়নি বেবিচক।

বেবিচকের কাছে করা আবেদনে ফিটস এয়ার সপ্তাহে তিনটি ফ্লাইট পরিচালনার পরিকল্পনার কথা জানিয়েছে। ঢাকা থেকে কলম্বোর পাশাপাশি বাংলাদেশি যাত্রীদের শ্রীলঙ্কার বিভিন্ন অভ্যন্তরীণ বিমানবন্দরে পৌঁছে দেওয়ার কথাও জানায় তারা।

ফিটস এয়ারকে অনুমতির বিষয়ে বেবিচকের কেউ আনুষ্ঠানিকভাবে কথা বলতে রাজি হননি।

বর্তমানে একমাত্র শ্রীলঙ্কান এয়ারলাইন্স ঢাকা-কলম্বো রুটে ফ্লাইট পরিচালনা করছে। ২০২২ সাল থেকে ইউএস-বাংলা এয়ারলাইন্সের শ্রীলঙ্কা যাওয়ার কথা থাকলেও রুটটি এখনো চালু হয়নি। বাংলাদেশিরা শ্রীলঙ্কান এয়ারলাইন্স ছাড়াও ভারত ও মালদ্বীপে ট্রানজিট নিয়ে বিভিন্ন এয়ারলাইন্সে শ্রীলঙ্কা যাচ্ছেন।

আরও পড়ুন: [চীনে তিনবছর পর প্রথম উত্তর কোরিয়ার বাণিজ্যিক ফ্লাইটের অবতরণ](#)

ফিটস এয়ারের ওয়েবসাইট থেকে জানা গেছে, প্রতিষ্ঠানটি ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত হয়েছে। ঢাকার পাশাপাশি এয়ারলাইন্সটি থাইল্যান্ডের

ব্যাংকক, ইন্দোনেশিয়ার জাকার্তা, সৌদি আরবের জেদ্দা, মালয়েশিয়ার কুয়ালালামপুর এবং সিঙ্গাপুরে ফ্লাইট চালু করার চেষ্টা করছে।

এয়ারলাইন্সটির বহরে বর্তমানে তিনটি এয়ারবাস এ৩২০-২০০, একটি এটিআর ৭২-২০০, একটি সেসনা-২০৮বি গ্র্যান্ড ক্যারাভান, দুইটি সেসনা-১৫২ এবং একটি সেসনা-১৫০ এয়ারক্রাফট রয়েছে।

-B